

পাকিস্তান হাই কমিশনারকে পররাষ্ট্রমন্ত্রকের কূটনৈতিক চরমপত্র

আজ সকালে পররাষ্ট্র সচিব তলব করেন পাকিস্তানের হাই কমিশনার জনাব আবদুল বাসিতকে, এবং তাকে তুলে দেওয়া নিম্নলিখিত কূটনৈতিক চরমপত্র:

আমরা আজ ভারতীয় নাগরিক শ্রী কুলভূষণ যাদব, যাঁকে পাকিস্তানের সামরিক আদালত মৃত্যুদণ্ড দিয়েছে, তার বিষয়ে আইএসপিআর-এর প্রেস বিজ্ঞপ্তি দেখেছি।

শ্রী যাদব গত বছর ইরান থেকে অপহৃত হন এবং পরবর্তী সময়ে পাকিস্তানে উপস্থিতির বিশ্বাসযোগ্য ব্যাখ্যা পাওয়া যায়নি। ভারত সরকার, ইসলামাবাদের ভারতীয় হাই কমিশনারের দ্বারা আন্তর্জাতিক আইন মেনে বারবার তাঁর কনসুলার অ্যাকসেস-এর আবেদন জানিয়েছে। ২৫ মার্চ ২০১৬ থেকে ৩১ মার্চ, ২০১৭ পর্যন্ত আনুষ্ঠানিকভাবে ১৩ বার এই অনুরোধ জানানো হয়েছে। এটা পাকিস্তানী কর্তৃপক্ষের দ্বারা অনুমেদিত হয়নি।

শ্রী যাদবের বিরুদ্ধে যে পদ্ধতিতে শাস্তি দেওয়া হয়েছে, তা অত্যন্ত প্রহসনমূলক, কারণ, এ বিষয়ে কোনও সুনির্দিষ্ট প্রমাণ নেই। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, শ্রী যাদবকে বিচারে আনা হচ্ছে, তা আমাদের হাই কমিশনারকে অবহিত করা হয়নি। পূর্বতন পাকিস্তানী পরিসংখ্যান পর্যাপ্ত প্রমাণের বিষয়ে সন্দেহ তৈরি করে। আইএসপিআর-এ শ্রী যাদবের বিষয়ে যে অভিযোগ বিচারের সময় অফিসাররা করেছে, তা পরিস্থিতি অনুযায়ী সম্পূর্ণ অর্থহীন।

একজন ভারতীয় নাগরিকের বিরুদ্ধে যেভাবে মৃত্যুদণ্ড ঘোষণা করা হয়েছে, তা পুরোপুরিভাবে বিচার এবং আইনের মৌলিক নিয়ম বর্হিভূত, যদি এটা কার্যকর হয়, তাহলে ভারত সরকার এবং ভারতের নাগরিক একে পূর্বপরিকল্পিত হত্যা বলে বিবেচনা করবে।

নয়াদিল্লি

এপ্রিল ১০, ২০১৭